



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/নতুন/বিদ্যা/১৫/২০২২/০০৭৫

তারিখ : ২৭/০৭/২০২২ খ্রিঃ

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০২.২০২২.১৮০ তারিখ : ১৮/০৭/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তসমূহ ও 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট' এর অনুমতি পত্র দাখিলের শর্তে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) পর্যায়ে ০১/০১/২০২২ খ্রিঃ হতে ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ :

১. প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না;
২. পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে;
৩. পত্র ইস্যুর তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে;
৪. বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর সংখ্যা বাড়াতে হবে এবং শ্রেণির ব্লাকবোর্ড, বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে;
৫. বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার জন্য শিক্ষক/শিক্ষিকাগণকে পাঠভিত্তিক পাঠপরিদর্শনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে;
৬. বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে;
৭. বিদ্যালয়ের চারিদিকে অধিক সংখ্যক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে;
৮. সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না;
৯. বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে;
১০. আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে;
১১. ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০০০০ (ছয় লক্ষ) টাকা যৌথ নামে (প্রতিষ্ঠান প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার) প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
১২. বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
১৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ

প্রাপক : প্রধান শিক্ষক

শেখ রাসেল স্মৃতি শিশু কল্যাণ বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
উপজেলা : ফুলপুর, জেলা : ময়মনসিংহ।


(ড. মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ০০৭৫ (৯)

তারিখ: ২৭/০৭/২০২২ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, ফুলপুর, ময়মনসিংহ।
৭. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৮. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও প্রয়োজনীয় কাযার্থে)
৯. অফিস কপি।


27.07.2022

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।
27.07.22